

**নির্বাচন কমিশন**  
**বাংলাদেশ**  
**নির্বাচন কমিশন সচিবালয়**  
শেরে বাংলা নগর, ঢাকা  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১  
[www.ec.org.bd](http://www.ec.org.bd)

নির্বাচন অগ্রাধিকার  
অতি জরুরি

নং-১৭.০০.৬৭০২.০৩৪.৩৮.০০৬.১৩-২৯৯

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২২  
০১ সেপ্টেম্বর ২০১৫

**বিষয় : নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার গোপালদী পৌরসভার ৮নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর পদে উপ-নির্বাচন অনুষ্ঠান**


**সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৬৪.০২৮.০৫.০৭.০৫৭.২০১১/১৩০৩/১(৬), তারিখঃ ১৩.৮.২০১৫ খ্রিঃ**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক ৩১ জানুয়ারি ২০১৫ তারিখে চূড়ান্তভাবে প্রকাশিত ও হালনাগাদকৃত ভোটার তালিকায় আগামী ০৮ অক্টোবর ২০১৫ তারিখ বৃহস্পতিবার ভোটগ্রহণের দিন নির্ধারণ করত নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার গোপালদী পৌরসভার ৮নং ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর পদে উপ-নির্বাচন ইতিপূর্বে পৌরসভা সাধারণ নির্বাচনের সময় নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ২। নির্বাচনের সময়সূচি ঘোষণার পর নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১ এর ইন্ট্রানেটে নিম্নোক্ত তথ্য প্রেরণ করতে হবেঃ
- (ক) ২৬ আগস্ট ২০১২ তারিখে প্রকাশিত বিশেষ পরিপত্র অনুযায়ী নির্ধারিত ছকে চাহিত তথ্য (পরিশিষ্ট-ক);
  - (খ) ভোটগ্রহণের দিন পরিস্থিতি প্রতিবেদন;
  - (গ) ফলাফল ঘোষণার পর সামগ্রিক পরিস্থিতি প্রতিবেদন; এবং
  - (ঘ) প্রিজাইডিং অফিসার/অফিসারদের নিকট হতে নির্ধারিত ছকে প্রতিবেদন (পরিশিষ্ট-খ)।

৩। এছাড়াও উক্ত তথ্য ইন্ট্রানেটে প্রেরণ করে নিম্নস্বাক্ষরকারী বা নির্বাচন সংশ্লিষ্ট উপসচিব (নির্বাচন পরিচালনা-২) বা যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২) মহোদয়কে টেলিফোনে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

সংলগ্নীঃ পরিশিষ্ট-ক ও পরিশিষ্ট-খ

  
( মোঃ রাজীব আহসান )  
সহকারী সচিব  
ফোনঃ ৯১৮০৭৮৪

১। জেলা নির্বাচন কর্মকর্তা, নারায়ণগঞ্জ ও রিটার্নিং অফিসার

২। উপজেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা-আড়াইহাজার, জেলা-নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.৬৭০২.০৩৪.৩৮.০০৬.১৩-২৯৯


তারিখঃ ১৭ ভাদ্র ১৪২২  
০১ সেপ্টেম্বর ২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, আনসার ও ভিডিপি, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অঃপঃদঃ

৭. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৮. উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ইসলামিক ফাউন্ডেশন ভবন, আগারগাঁও, ঢাকা
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ (প্রয়োজনীয় সংখ্যক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য অনুরোধ করা হলো)
১৩. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ (প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য মোতায়েনসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা
১৫. উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা কমন্ডেন্ট, আনসার ও ভিডিপি, নারায়ণগঞ্জ (প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো)
১৮. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-আড়াইহাজার, জেলা-নারায়ণগঞ্জ
১৯. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ
২০. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২১. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, নির্বাচন সহায়তা শাখা-২/ বাজেট ও অর্থ শাখা/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা, জেলা- নারায়ণগঞ্জ

  
(মোঃ রাজীব আহসান)  
সহকারী সচিব